স্বাবলম্বী উন্নয়ন সমিতি.
আস্থা প্রকল্প
ময়মনসিংহ
নভেম্বর মাসের প্রতিবেদন ২০২৪

| এনজিওর নাম | গৃহীত কার্যক্রমের নাম | বাস্তবায়নের অগ্রতি | মন্তব্য |
|---|---|---|---|
| স্বাবলম্বী উন্নয়ন সমিতি ময়মনসিংহ | যুব ফোরাম সক্রিয়করন সভা | ময়মনসিংহ জেলার অন্তর্গত ১৩ টি উপজেলায় যুব ফোরাম সক্রিয়করনের জন্য নভেম্বর মাসে ১৩ টি উপজেলাতে কমিটিগুলোর ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। এ সভায় কমিটিগুলো নিজেদের কমিটির সভা নিজেরাই বাস্তবায়ন করেছে এবং জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে উঠান বৈঠক করার সিদ্ধান্ত গ্রহন করেছে। এছাড়াও কমিটির সদস্যগন সমাজে শান্তি, সম্প্রীতি বজায় রাখতে প্রচারাভিযান পরিচালনা করছে। একইসাথে অংশীদারিত্বমূলক গনতন্ত্র চর্চায় জনসাধারনকে উদবুদ্ধ করতেও কাজ করছে যুব ফোরামের সদস্যগন। শান্তি, সম্প্রীতি ও অংশগ্রহনমূলক গণতন্ত্র নিয়ে জনসচেতনতা তৈরীর লক্ষ্যে কাজ করে যাচ্ছে যুব ফোরামগুলো। | |
| | যুব ফোরামের স্বেচ্ছাসেবামূলক উদ্যোগ গ্রহন ও বাস্তবায়ন | ময়মনসিংহ জেলার অন্তর্গত ১৩ টি উপজেলার ১৩ টি যুব ফোরাম নভেম্বর মাসে স্বউদ্যোগে শান্তি ও সম্প্রীতি নিয়ে ১৩ টি ভোলান্টারি উদ্যোগ বাস্তবায়ন করেছে। উদ্যোগ গুলোর মধ্যে রয়েছে সম্প্রীতি শপথ গ্রহন, সম্প্রীতি আড্ডা, সম্প্রীতি চা-চক্র, সম্প্রীতি সংলাপ, শান্তি সম্প্রীতি সমাবেশ, সম্প্রীতি ফুটবল ম্যাচ ইত্যাদি। এসকল উদ্যোগের মাধ্যমে জনগনের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি কেন্দ্রিক জনসচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং আস্থা প্রকল্পের কার্যক্রমের সাথে জনঅংশগ্রহন বৃদিধ পেয়েছে। | |
| | উঠান বৈঠক | যুব ফোরামের সদস্যদের উদ্যোগে ১৩ টি উপজেলার ১৪৬ টি ইউনিয়নে উঠান বৈঠক করা হয়েছে নভেম্বর মাসে। উঠান বৈঠকে সহনশীলতা, সংবেদনশীলতা, সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তি চর্চার বিষয়ে সবিস্তারে আলোচনা হয়েছে ও জনসচেতনতা তৈরীর প্রচেষ্টা চালানো হয়েছে। | |

প্রতিবেদন দাখিলের তারিখঃ ৮ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

(ইমন সরকার)
ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর
আস্থা প্রকল্প
স্বাবলম্বী উন্নয়ন সমিতি
ময়মনসিংহ
মোবাইলঃ ০১৭০৮-৮৭১১৭১